# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ১৪. ৪. পিতরের বক্তব্য পর্যালোচনা - ২. ১৪. ৪. ১. সঠিক ও জাল ধর্মগ্রন্থের বিদ্যমানতার সাক্ষ্য

বাইবেলীয় অভ্রান্ততার বিরোধীরা বলেন, পিতরের এ বক্তব্যটা নিশ্চিতভাবে প্রমাণ করে যে, ধর্মগ্রন্থ বা নবীদের নামে প্রচারিত সবকিছু নির্ভুল নয়। ভণ্ড নবীদের জাল কিতাব ও ভণ্ড গুরুদের জাল সংযোজন বা বিকৃতিও একইভাবে বিদ্যমান। পিতর যেহেতু সঠিক ও জাল নির্ধারণ করে দেননি, সেহেতু বাইবেলের মধ্যে বিদ্যমান পুস্তকগুলোর কোনটার কতটুকু সঠিক ও কতটুকু জাল তা আমরা পিতরের বক্তব্য থেকে বুঝতে পারছি না। কাজেই পিতরের এ বক্তব্যটা বাইবেলের কোনো একটা নির্দিষ্ট পুস্তকের সকল কথা বা কোনো কথা ঐশ্বরিক বা অভ্রান্ত বলে প্রমাণ করে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13938

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন